রানিনগরে উদ্ধার তিন মৃতদেহ, সন্দেহ বাংলাদেশি পাচারকারী

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : মুর্শিদাবাদে ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে উদ্ধার হল তিনটি মৃতদেহ। সীমান্তে গরু পাচার করার সময় বিএসএফের গুলিতে তাদের মৃতু হয় বলে অভিযোগ স্থানীয়দের। যদিও বিএসএফ অভিযোগ অস্বীকার করেছে। ঘটনাটি ঘটেছে রানিনগরের শেখপাড়ায়।

মঙ্গরবার দুপুরে শেখ পাড়ায় বাংলাদেশ সীমান্ত এলাকায় চাষের জমিতে তিনটি পৃথক জায়গায় তিন অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। রানিনগর থানার ওসি অরূপ রায় জানান, তিনটি মৃতদেহ উদ্ধার হয়েছে। তবে তাদের পরিচয় জানা যায়নি। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

বিএসএফের গুলিতে তিনজনের মৃত্যু হয়েছে বলে মঙ্গলবার সকাল থেকে শেখপাড়ায় খবর রটে। কিন্তু, মৃতদেহগুলির পরিচয় পাওয়া যাচ্ছে না। দুপুরে স্থানীয় কাহারপাড়া এলাকার চাষের জমিতে তিনজনের দেহ পড়ে থাকতে দেখা যায়। খবর পেয়ে পুলিশ এসে মৃতদেহগুলি উদ্ধার করে।

স্থানীয় বাসিন্দারা জানান, সোমবার রাতে এলাকায় কয়েকটি গুলির আওয়াজ শোনা যায়। মঙ্গলবার সকালে চাষের জমিতে রক্তের দাগ দেখা গেলেও মৃতদেহগুলির খোঁজ পাওয়া যাচ্ছিল না। গ্রামবাসীদের অভিযোগ, বাংলাদেশে গরু পাচারের সময় ওই তিন বাংলাদেশিকে লক্ষ্য করে বিএসএফ গুলি চালায় বলে অনুমান।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) বুধবার আলোচনায় বিষয়:- রামকৃষ্ণ কথামৃত। পাঠক : স্বামী নরদেবানন্দ মহারাজ। সময়: ৭-১৫ মি:।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

		8	2					
	2		7		3			6
	1			5	9			
3		4				9	8	
8								1
	7	9				3		5
			1	3			4	
7			5		4		9	
					7	1		

গতকালের সমাধান

9	4	7	2	8	6	3	5	1
2	3	1	4	5	9	6	7	8
6	8	5	3	7	1	9	4	2
4	5	2	6	1	3	8	9	7
8	6	3	7	9	2	5	1	4
1	7	9	8	4	5	2	3	6
3	1	8	5	6	7	4	2	9
5	9	6	1	2	4	7	8	3
7	2	4	9	3	8	1	6	5

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৯২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৬, **সূর্যাস্ত:** ঘ ৬:২৫ **জোয়ার**: ভোর ৪:৫৯। **ভাঁটা**: দুপুর: ১২:২৯।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩০,৮১৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,২৩৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,৬৭৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪০,৫০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪০,৬০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	68.6935
INR / 1 Euro	80.0211
INR / 100 Jap. YEN	61.9100
INR / 1 Pound Sterling	90.3457

শেয়ার সূচক

BSE	35,378.60 ▲	(+114.19)
NIFTY	10,699.90 ▲	(+42.60)

শব্দলিপি- ১২৪১



অলিভিয়া বিশ্বাস

পাশাপাশি ঃ ১। শিশুদের ওষুধ ৫। শ্রেষ্ঠবস্তু ৬। উদগিরণের যোগ্য ৭। ডানযুক্ত ৯। প্রথম ১০। আহত ১২। চোয়ানো মদ ১৩। সেই রকমই

উপরনীচ ঃ ১। বেদান্ত তত্ত্বশাস্ত্র ২। লম্পট ৩। বিচলিত বোধ ৪। তুচ্ছ ৬। অলংকারে ছদ্মবেশী ৮। প্রভাবহীন ৯। প্রতিপালন ১১। বৈশাখ মাস

সমাধান ঃ শব্দলিপি - ১২৪০

পাশাপাশি ঃ ১। উপভুজ্যমান ৪। কবজা ৫। নকশাল ৭। সপ্রভা ৮। রঙ্গিলা ১০। মনলিকা ১২। লঙ্কিকা ১৩। বাদ প্রতিবাদ

উপরনীচ ঃ ১। উজানিভাটানি ২। ভুঞ্জন ৩। নভেল ৪। কর্তুস ৬। কলুর বলদ ৯। লাসিকা ১০। মঘবা ১১। কাগতি

তৃণমূলে আরও ৩ কংগ্রেস বিধায়ক

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর :কংগ্রেস ছেড়ে আরও তিন বিধায়ক তৃণমূলে যোগ দেবেন। সোমবার বহরমপুরে এক অনুষ্ঠান এসে একথা বলেন তৃণমূলের মুর্শিদাবাদ জেলা পর্যবেক্ষক শুভেন্দু অধিকারী। ২১ জুলাইয়ের মঞ্চে ওই তিন বিধায়ক ছাড়াও আরও অনেকে যোগ দিতে পারেন বলে ইঙ্গিত দেন তিনি। বহিষ্কৃত জেলা কংগ্রেস সভাপতি আবু তাহেরকে যোগদান করানোর জন্যই সোমবার বহরমপুর রবীন্দ্র সদনে সভার আয়োজন করেছিল তৃণমূল কংগ্রেস। কিন্তু, রাজ্য নেতৃত্ব সেই অনুষ্ঠান বাতিলের নির্দেশ দেওয়ার পর তা কার্যত ২১ জুলাইয়ের প্রস্তুতি সভায় পরিণত হয়।

সেই সভা শেষে শুভেন্দু অধিকারী বলেন, 'ইতিমধ্যে দলে যোগ দিতে চেয়ে বেশ কয়েকজন যোগাযোগ করেছেন। রাজ্য নেতৃত্বকে আমি জানিয়েছি। দলের মহাসচিবকেও জানিয়েছি। তাঁরাই সিদ্ধান্ত নেবেন কাকে নেওয়া হবে কাকে নেওয়া হবে না। মুর্শিদাবাদ জেলার তিনজন দলে আসতে চেয়ে আবেদন করেছেন অধীর চৌধুরির নাম না করে শুভেন্দুবাবু বলেন, মুর্শিদাবাদ জেলায় কংগ্রেসকে হাইজ্যাক করে উনি মার্কসবাদী কংগ্রেস করে দিয়েছেন।

বিরোধীরা তাদের জন্যই ক্রেডেবিলিটি হারিয়েছে।

একই সঙ্গে সদ্য বিজেপিতে যোগ দেওয়া হুমায়ুন কবীরের মানসিক চিকিৎসার প্রয়োজন রয়েছে বলে কটাক্ষ করেন তিনি।

হাওড়ার নিখোঁজ ছাত্রের খোঁজ মিলল বিহারে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : অবশেষে হাওড়ার মালিপাঁচঘড়া থানা এলাকার নিখোঁজ ছাত্র অর্জুন মালি'র খোঁজ মিলল। গত শনিবার সকাল থেকে তার কোনও খোঁজ পাওয়া যাচ্ছিল না। পুলিশ জানতে পারে তাকে তাদের বিহারের দেশের বাড়ি থেকে পাওয়া গেছে। এই খবর জানতে পেরেই হাওড়ার ঘুসুড়ির দয়ারম নস্কর লেনের বাড়ি থেকে পরিবারের লোকজন বিহরের দেশের বাড়ির উদ্দেশ্যে রওনা হন। অর্জুনের বাবা ইন্দ্রসেন মালি জানান, শনিবার সকাল ১১টা নাগাদ টিউশন পড়তে যাচ্ছি বলে বাড়ি থেকে বেরিয়ে তাঁর ছেলে আর ঘরে ফেরেনি। এরপর থানায় মিসিং ডায়েরি করা হয়। অপহরণের মামলা রুজু করে তদন্তে নামে পুলিশ। এরপর বিহারে দেশের বাড়ি থেকে খবর আসে সেখানে চলে এসেছে। কিন্তু কীভাবে সে সেখানে পৌঁছুল বা কেউ তার সঙ্গে ছিল কি না তা এখনও পরিষ্কার নয়। অর্জুন খুব কান্নাকাটি করতে থাকায় তার থেকে বেশি কিছু এই মুহূর্তেই জানা সম্ভব হয়নি। পুলিশ জানিয়েছে, সে নিরাপদেই দেশের বাড়িতে পৌঁছেছে। উল্লেখ্য, গত শনিবার সকাল থেকে নিখোঁজ ছিল হাওড়ার মালিপাঁচঘড়ার ষষ্ঠ শ্রেণির ছাত্র অর্জুন মালি (১২)। ঘটনার দিন বেলা ১১টা নাগাদ টিউশন পড়তে বেরিয়ে বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় ওই ছেলে। এরপর থেকে অর্জুনের কোনও খোঁজ ছিল না। নিখোঁজ ছাত্রে বাড়ি ঘুসুড়ির দয়ারাম নস্কর লেনে। তার বাবা ইন্দ্রসেন মালি পুলিশকে জানিয়েছিলেন, এই ঘটনায় তাঁর ছেলেকে অপহরণ করা হয়ে থাকতে পারে। পুলিশ সেকথা গুরুত্ব দিয়ে বিবেচনা করেই ৩৬৪ ও ৩৬৫ ভারতীয় দণ্ডবিধির ধারায় অপহরণের মামলা রুজু করে। মালিপাঁচঘড়া থানা সূত্রের খবর, অর্জুন মালিকে বিহারের শিবানে দেশের বাড়ি থেকে পাওয়া গেছে।

আক্রান্ত নারী ■ আক্রান্ত গণতন্ত্র - ধর্মনিরপেক্ষতা
প্রহসনের পঞ্চায়েত প্রতিবাদে প্রতিরোধে
অবস্থান ও মিছিল
3-4 জুলাই

নারীদের ওপর আক্রমণ সহ নানা ইস্যুতে ধর্মতলায় সিপিএম মহিলা সংগঠনের অবস্থান কর্মসূচিতে চিত্র পরিচালক তরুণ মজুমদার।

ছবি অরিজিৎ গাঙ্গুলি।

লরির ধাক্কায় মৃত্যু বাইক আরোহীর

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বেপরোয়া লরির ধাক্কায় মৃত্যু এক বাইকআরোহীর। নাম সামিরুল লস্কর। হাওড়া আমতা রোডের মুন্সিরহাটে দুর্ঘটনাটি ঘটে।

মঙ্গলবার দুপুর দু'টো নাগাদ। বাড়ি থেকে মুন্সিরহাট বাজারে যাচ্ছিলেন সামিরুল। লরির ধাক্কায় ঘটনাস্থলে তার মৃত্যু হয়। পুলিশী লরিটি আটক করলেও চালক পলাতক। দুর্ঘটনার জেরে কিছুক্ষণ যানজট হয়। তবে পরে পুলিশের সক্রিয়তায় পরিস্থিতি স্বাভাবিক হয়।

জমি নিয়ে বিবাদে অশান্ত বলরামপোতা গ্রাম

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : দুই পরিবারের জমি বিবাদের জেরে অশান্ত হয়ে উঠল উলুবেড়িয়া থানার বলরামপোতা গ্রাম। উলুবেড়িয়া থানা বলরামপোতা গ্রামের শেখ শাহজাহান ও আনোয়ার মোল্লা এই দুই পরিবারের মধ্যে মূলত জায়গা জমি সংক্রান্ত বেশ কয়েকদিন ধরে গন্ডগোল চলছিল। এই দুইজনের জায়গা সম্পত্তি নিয়ে কোর্টে মামলাও চলছে। হঠাৎ সোমবার শাহজানানের পরিবারের লোক ওই বিতর্কিত জায়গার ওপরে বাড়ি তৈরি করতে গেলে আনোয়ার মোল্লার পরিবারের সঙ্গে ব্যাপক গন্ডগোল শুরু হয়।

আনোয়ার মোল্লার পরিবারের বক্তব্য যেহেতু জায়গাটি নিয়ে কোর্টে মামলা চলছে সেইসব ঝামেলা মিটে গেলেই তারপর যে যার বাড়ি তৈরি করলে ভাল হয়। এই নিয়েই বচসা ও হাতাহাতি হয় দুই পরিবারের মধ্যে। বেলারদিকে গন্ডগোল থেমে যায়। আনোয়ারের পরিবারের অভিযোগ সোমবার রাত ১২ নাগাদ শাহজাহান একটি মারুতি ভ্যানে বেশ কয়েকজন দুষ্কৃতীকে নিয়ে আসে। আনোয়ার মোল্লার পরিবারের ওপর হামলা চালায় বলে অভিযোগ এবং তারা খুন করার পরিকল্পনা নিয়েই এসেছিল। চিৎকার-চেঁচামেচিতে আশপাশের লোকজন ছুটে এসে যে চারজন মারুতি ভ্যানে করে তারা এসেছিল তাদেরকে ধরে ফেলে। উলুবেড়িয়া থানায় খবর দেয়া হলে উলুবেড়িয়া থানার পুলিশ এসে ওই চারজনকে ধরে নিয়ে যায়। এবং আনোয়ারের পরিবারের লোকেদের থানায় যেতে বলে। পরে রাত্রি একটি গাড়ি ভাড়া করে আনোয়ারের বাড়ির লোক উলুবেড়িয়া থানায় গেলে দেখা যায়, যে চারজনকে গ্রামবাসীরা পুলিশের হাতে তুলে দিয়েছিল তাদেরকে পুলিশ ছেড়ে দিয়েছে। থানার জিজ্ঞাসা করলে জানা যায় আনোয়ারের পরিবারের লোকজন দেরিতে আসায় তাদেরকে ছেড়ে দেয়া হয়েছে। এরপরই তারা থানার ক্ষোভে ফেটে পড়ে। কিছু কাজ না হাওয়ায় তারা বাড়ি চলে আসে। মঙ্গলবার সকাল ১১.৩০ টা থেকে উলুবেড়িয়া থানার বলরামপোতা ন্যাশনল হাইওয়ে অবরোধ করে রাখে। দোষীদের উপযুক্ত শাস্তির দাবিতে এবং যে মারুতি ভ্যান মঙ্গলবার রাতে গ্রামবাসীরা আটক করেছিল তার মধ্যে থেকে বেশকিছু মোবাইল ও অস্ত্রশস্ত্র আছে বলে জানা গেছে। উলুবেড়িয়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। মারুতি গাড়িটিকে আটক করেছে। এবং যাতে দোষীদের শাস্তি হয় তার আশ্বাস দিয়েছে উলুবেড়িয়া থানার পুলিশ। প্রায় আধঘণ্টার উপর জাতীয় সড়ক অবরোধ হওয়ায় নাজেহাল জাতীয় সড়কের যানবাহন ও যাত্রীরা। অবশেষে অবরোধ তুললেও এলাকায় একটি ক্ষোভের সৃষ্টি হয়েছে। এলাকাবাসীদের বক্তব্য, যাদেরকে আমরা হাতেনাতে ধরে থানায় তুলে দিলাম তাদের কেন পুলিশ ছেড়ে দিল?

মাধ্যমিক কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : বিদ্যানগর বুথ কমিটির উদ্যোগে ২০১৮ সালের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা দেওয়া হল।

এই বুথ কমিটির সভাপতি তথা পুনঃনির্বাচিত সদস্য জীতেন্দ্র ভক্ত বলেন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আদর্শে আমরা উদ্বুদ্ধ।

মানুষের জন্য কাজ করাই আমাদের একমাত্র উদ্দেশ্য। পঞ্চায়েত ভোটে জেতার পর আমাদের প্রথম কাজ আমরা শিক্ষা দিয়েই শুরু করলাম। এলাকারই এক চিত্রশিল্পীকেও সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত সুন্দরবন উন্নয়ন মন্ত্রী জীতেন্দ্র ভক্তের এই উদ্যোগকে সাধুবাদ জানান।

স্ত্রীর ওপর চড়াও হল স্বামী

নিজস্ব সংবাদদাতা হাওড়া : অনেক দিন ধরেই বিবাদ চলছিল স্বামী-স্ত্রীর মধ্যে। এবার বিবাদ চরম আকার নিল। ডিভোর্সের মামলা তুলে না নেওয়ায় প্রকাশ্য রাস্তায় স্ত্রীর ওপর চড়াও হল স্বামী। হাওড়ার দাশনগর এলাকায় এমনটাই অভিযোগ উঠেছে। পুলিশ সূত্রে খবর, ওই গৃহবধূ তাঁর এক বান্ধবীর সঙ্গে সাইকেলে কলেজে যাচ্ছিলেন। সেই সময় তাঁর স্বামী প্রকাশ্য রাস্তায় তাঁকে ফেলে মারধর করে বলে অভিযোগ। এই ঘটনার পর ওই তরুণী হাওড়ার দাশনগর থানায় এসে লিখিত অভিযোগ দায়ের করেন। প্রথমে পুলিশ অভিযোগ নিতে অস্বীকার করে বলে অভিযোগ। পরে থানা সেই অভিযোগ নেয়। জানা গিয়েছে, গত ২০১৪ সালে ভালবেসে বিয়ে করেছিলেন ওই যুবক-যুবতী। কিন্তু বিয়ের পর বিভিন্ন কারণে পারিবারিক অশান্তি শুরু হয়। মাস চারেক আগে অভিযোগকারী গৃহবধূ শ্বশুরবাড়ি ছেড়ে বাবা-মায়ের বাড়িতে চলে আসেন।

মেট্রো রেলে চাকরি দেওয়ার নামে প্রতারণা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : নবান্ন থেকে এক কিমি দূরত্বের মধ্যে ও বি গার্ডেন থানা থেকে একশো মিটারের ভিতরে মেট্রোরেলে চাকরি দেওয়ার নাম করে প্রায় কোটি টাকার প্রতারণার ঘটনায় মঙ্গলবার তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে হাওড়ার আন্দুল রোডে। পুলিশ ওই চক্রের দুই পান্ডা সঞ্জয় রায় ও অসিত বিশ্বাস নামে দুই যুবককের খোঁজ তল্লাশি শুরু করেছে বলে জানিয়েছে। সূত্রে খবর, সঞ্জয় ও অসিত বেলুড়ে ভাড়া থাকতো বলে জানা গিয়েছে। উল্লেখ্য এদিন আন্দুল রোডের লালকুঠি এলাকার নন্দালয় নামের একটি বাড়িতে অফিস খুলে চাকরি প্রার্থীদের কাছ থেকে জন প্রতি আট থেকে দশ লক্ষ টাকা মেট্রোরেলের চাকরী দেবে বলে নিয়েছিল এই দুই যুবক। স্থানীয়দের অভিযোগ এই চক্রের সঙ্গে ওই আবাসনের মালিকও যুক্ত রয়েছে। মঙ্গলবার ম্যাটাডোরে অফিসের মালপত্র নিয়ে চম্পট দেওয়ার সময়ে স্থানীয় যুবকরা গাড়িটিকে আটক করে ও বিষয়টি জিজ্ঞাসাবাদ করে জানতে পারে। পরে পুলিশে খবর দিলে পুলিশ এসে গাড়ি ও মালপত্র আটক করে। জানা গিয়েছে উনসানির বাসিন্দা রিয়াজুল মল্লিকের কাছ থেকে এগারো লক্ষ টাকা নিয়ে চাকরী দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল এই দুই কীর্তিমান। কিন্তু চাকরি না দিতে পারায় টাকা ধাপে ধাপে ফেরত দেওয়ার কথা বলেছিল সঞ্জয় ও অসিত। হাওড়া থানার সন্ধ্যা বাজারে এদের আরও একটি অফিসের গিয়েছিল রিয়াজুল। সেখানে থেকেই সে পুরো বিষয়টি আরও কয়েকজনের কাছ থেকে জানতে পারে ও লিচু বাগানের এক আত্মীয়কে জানায়। বেশ কিছুদিন ধরেই এই অফিসের উপর নজর রাখছিল রিয়াজুলের আত্মীয়ের বন্ধু-বান্ধবরা। মঙ্গলবার পাততাড়ি গুটিয়ে পালানোর চেষ্টা করতেই সব প্রকাশ হয়ে যায়। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ অফিস দু'টিকে সিল করেছে ও ঘটনার তদন্ত শুরু করেছে। এই ঘটনার প্রেক্ষিতে পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলছে এলাকার বাসিন্দারা।

ব্যাঙ্কের ভিতর থেকে উদ্ধার কর্মীর ঝুলন্ত দেহ

নিজস্ব সংবাদদাতা, বাসন্তী : অস্বাভাবিক মৃত্যু হল এক ব্যাঙ্ককর্মীর। মঙ্গলবার ব্যাঙ্কের ভিতরে গলায় ফাঁস লাগানো অবস্থায় উদ্ধার হয় ব্যাঙ্ককর্মীর দেহ। মৃতের নাম কার্তিকচন্দ্র জানা (৬৩)। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার নতুন হাট এলাকায়।

ব্যাঙ্কের চাবি কার্তিকবাবুর কাছেই থাকে। প্রতিদিন সকালে এসে তিনিই ব্যাঙ্ক খোলেন।

মঙ্গলবার সকালে কর্মীরা এসে দেখেন ব্যাঙ্কের দরজা ভিতর থেকে বন্ধ। জানালা দিয়ে দেখা যায়, কার্তিকবাবু গলায় ফাঁস লাগিয়ে ঝুলছেন। দরজা ভেঙে তাঁর দেহ উদ্ধার করা হয়। মৃতদেহের পাশ থেকে একটি সুইসাইড নোট উদ্ধার হয়েছে। পুলিশের তরফে জানানো হয়, সুইসাইড নোটে লেখা ছিল, তিনি অনেকের কাছ থেকে টাকা ধার নিয়েছিলেন। সেই দেনা শোধ করতে পারছিলেন না। পাশাপাশি ওই ব্যাঙ্কের গ্রুপ ডি পদে তাঁর ছেলে চাকরির চেষ্টা করেও পাচ্ছিল না। সেই কারণে অবসাদে ভুগছিলেন তিনি। তাই আত্মহত্যা করেছেন।

অজিত জানা নামে এক ব্যক্তি বলেন, 'কার্তিকবাবুর বিরুদ্ধে কারও কোনও অভিযোগ নেই। কোনওদিন কারও সঙ্গে খারাপ ব্যবহার করেননি। মঙ্গলবার সকালেও তিনি বাজারে গিয়েছিলেন। সবকিছুই স্বাভাবিকভাবে করছিলেন। সাইকেল চালিয়ে ব্যাঙ্কেও আসেন। কিন্তু, তারপরই এই ঘটনা ঘটান।'

কার্তিকবাবুর মৃত্যুর তদন্ত শুরু করেছে বাসন্তী থানার পুলিশ।

রানাঘাটে নিজের ঘর থেকে উদ্ধার যুবতীর দেহ, আটক যুবক

নিজস্ব সংবাদদাতা, রানাঘাট : নদিয়াার রানাঘাট থানার পায়রাডাঙার নতুন গোপালপুর এলাকায় নিজের বাড়ি থেকে উদ্ধার হল এক যুবতীর দেহ। পুলিশের অনুমান সোমবার বাড়িতে ঢুকে কেউ তাঁকে খুন করে। রাতে দেহ উদ্ধার করে পুলিশ। মৃতের নাম সুস্মিতা সরকার।কয়েকবছর আগে শেওড়াফুলির বাসিন্দা এক যুবকের সঙ্গে বিয়ে হয় সুস্মিতার। অভিযোগ কোনও কাজ করত না ওই যুবক। কয়েকমাস আগে সে সুস্মিতাকে তার মায়ের কাছে রেখে যায়। এরপরই বাবাই নামে এক যুবকের সঙ্গে পরিচয় হয় সুস্মিতার । স্থানীয়দের মতে, বাবাইয়ের সঙ্গে সুস্মিতার সম্পর্ক গড়ে উঠেছিল। তাদের বিভিন্ন স্থানে ঘুরতেও দেখা যায়।

মৃতের মায়ের অভিযোগ, বাবাই তার মেয়েকে সন্দেহ করত। তার মনে হত, সুস্মিতার অন্য কারোর সঙ্গে সম্পর্ক রয়েছে। আর এথেকেই শুরু হয় জটিলতা। ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে এক যুবককে আটক করেছে পুলিশ। চলছে জিজ্ঞাসাবাদ। সূত্রের খবর, বাবাইকে আটক করা হয়েছে। তবে ঘটনা নিয়ে পুলিশ মুখ খুলতে চাইছে না।

মহেশতলায় নাবালিকাকে যৌন নির্যাতন, অভিযুক্তকে গণপ্রহার

নিজস্বসংবাদদাতা,মহেশতলা : ৬ বছরের এক নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগ উঠল প্রতিবেশী এক যুবকের বিরুদ্ধে। অভিযুক্তের নাম অবিনাশ পোদ্দার (৩৪)।সোমবার দুপুরে ঘটনাটি ঘটে দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা থানার চকমিরে। স্থানীয়রা অভিযুক্তকে হাতেনাতে ধরে ফেলে। দেয় গণপ্রহারও। পরে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। নাবালিকার পরিবারের তরফে মহেশতলা থানায় যৌন নির্যাতনের অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযুক্তকে আটক করে জিজ্ঞাসাবাদের পাশাপাশি ঘটনার তদন্ত করছে পুলিশ। ঘটনার পর থেকে অসুস্থ হয়ে পড়েছে ওই নাবালিকা ।নাবালিকার পরিবারের তরফে জানানো হয়েছে, সোমবার দুপুরে দিদির সঙ্গে খেলা করছিল ময়না (নাম পরিবর্তিত)।সেইসময় ময়নাকে লজেন্সের লোভ দেখিয়ে অবিনাশ নিজের বাড়িতে তুলে নিয়ে যায়। অভিযোগ, ঘরের ভিতরে নিয়ে গিয়ে তাকে যৌন নির্যাতন করে।বোনকে তুলে নিয়ে গিয়েছে দেখে তার দিদি চিৎকার করতে শুরু করে। স্থানীয়রা সেখানে জড়ো হয়। তারা অবিনাশের বাড়ি ঘেরাও করে। তখন অবিনাশ বাড়ি থেকে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। তবে সে পারেনি। স্থানীয়রা তাকে হাতেনাতে ধরে গণপ্রহার দেয়। পরে পুলিশ এসে অবিনাশকে উদ্ধার করে।

CHANGE OF NAME

I ZAINAB HUZEFAERINPURWALA W/o HUZEFA ERINPURWALA R/o 57,GOLAM JILANI ROAD , BL-B, 3RD FLOOR, P.S. TILJALA, Kolkata 700039 declare that My Previous name was ZAINAB ERINPURWALA(old name).As per Affidavit before the Notary Public at Kolkata on 03 -07-2018, both ZAINAB HUZEFAERINPURWALA and ZAINAB ERINPURWALA is same one and identical person.